# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali TextBulletin

**01-04-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে SIR-এর আওতায় বিবেচনাধীন তালিকা থেকে নাম বাদ যাওয়া ভোটারদের শুনানির জন্য আগামীকালই আপিল ট্রাইব্যুনালের কাজ শুরুর নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

২) রাজ্যে বিধানসভা নির্বাচনে দ্বিতীয় দফায় ১৪২ টি আসনে ভোটগ্রহণের জন্য আগামীকাল বিজ্ঞপ্তি জারি হবে।

৩) দলীয় প্রচারে অংশ নিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ কলকাতায় আসছেন।

৪) নির্বাচন কমিশন ৯ ই এপ্রিল থেকে ২৯ শে এপ্রিল পর্যন্ত এক্সিট পোলের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে।

৫) দক্ষিণ ২৪ পরগণার চম্পাহাটি এলাকা থেকে পুলিশ ১২০ কেজি নিষিদ্ধ শব্দবাজি সহ এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে।

৬) বাংলা, খেলো ইন্ডিয়া ট্রাইবাল গেমসের ফুটবলের ফাইনালে উঠেছে।

---

রাজ্যে SIR-এর আওতায় বিবেচনাধীন তালিকা থেকে নাম বাদ যাওয়া ভোটারদের শুনানির জন্য আগামীকালই আপিল ট্রাইব্যুনালের কাজ শুরুর নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। এজন্য প্রাক্তন বিচারপতিদের প্রশিক্ষণের কাজ আজ'ই সম্পন্ন করতে বলেছে শীর্ষ আদালত। প্রধান বিচারপতি সূর্যকান্ত, দুই বিচারপতি জয়মাল্য বাগচি ও বিপুল এম পাঞ্চলির বেঞ্চ আজ জানিয়েছে, ট্রাইব্যুনালের কাছে আবেদনকারির জমা দেওয়া সমস্ত তথ্য থাকবে। নাম বাদ পড়া নিয়ে ট্রাইব্যুনালের সিদ্ধান্তই চূড়ান্ত বলে এদিন শীর্ষ আদালত জানিয়েছে।

কলকাতার শ্যামাপ্রসাদ মুখার্জি ইনস্টিটিউটে ১৯ টি আপিলেট ট্রাইব্যুনালের বেঞ্চ বসবে। কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের এই দপ্তরে, কাজের জন্য আপাতত ৮ সপ্তাহের অনুমতি নিয়েছে নির্বাচন কমিশন।

কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল শীর্ষ আদালতকে জানিয়েছেন, এখন পর্যন্ত ৪৭ লক্ষ নামের নিস্পত্তি হয়ে গেছে। প্রতিদিন'ই প্রায় ২ লক্ষ নামের নিস্পত্তি হচ্ছে। ৭'ই এপ্রিলের মধ্যে এডজুডিকেশনের কাজ সম্পন্ন হয়ে যাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

আজকের শুনানিতে রাজ্যের পক্ষে আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায়, নিয়ম বিরুদ্ধভাবে ফর্ম ৬ জমা দেওয়া হচ্ছে বলে অভিযোগ করলে প্রধান বিচারপতি সূর্যকান্ত বলেন, অনুমানের ভিত্তিতে মনগড়া অভিযোগ করা হচ্ছে। এব্যাপারে উপযুক্ত কর্তৃপক্ষের কাছে আবেদন করার পরামর্শ দেন তিনি।

বিচারপতি জয়মাল্য বাগচী বলেন, বিজ্ঞপ্তির পর একটি নির্দিষ্ট সময় পর্যন্ত ভোটার তালিকায় নাম তোলা হয়। এরপর ফর্ম ৬ জমা করলেও ঐ নির্বাচনে সংশ্লিষ্ট ব্যক্তি ভোটদানের অধিকারী নন।

শীর্ষ আদালতের প্রধান বিচারপতির বেঞ্চে আগামী ৬'ই এপ্রিল মামলার পরবর্তী শুনানি।

এদিকে, সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী প্রাক্তন বিচারপতিদের প্রশিক্ষণ শেষে আগামীকাল থেকেই আপিলেট ট্রাইবুনাল কাজ শুরু করবে বলে জানিয়েছে রাজ্যের সিইও দপ্তর। অনলাইন ও অফলাইন—দুই মাধ্যমে জমা পড়া সমস্ত আবেদন, নথি ও তথ্য ট্রাইবুনালের কাছে থাকবে। ট্রাইবুনাল নিজেদের কাজের পদ্ধতি নিজেরাই নির্ধারণ করবে। বিচারকদের সম্মানিক, যাতায়াত খরচ এবং অন্যান্য পরিকাঠামোগত ব্যয় নির্বাচন কমিশনই বহন করবে বলে জানা গেছে।

----------------

রাজ্যে বিধানসভা নির্বাচনে দ্বিতীয় দফায় ১৪২ টি আসনে ভোটগ্রহণের জন্য আগামীকাল বিজ্ঞপ্তি জারি হবে। এর সঙ্গেই শুরু হবে মনোনয়ন জমা দেওয়ার প্রক্রিয়া। ৯ ই এপ্রিল পর্যন্ত প্রার্থীপদ দাখিল করা যাবে। পরদিন জমা করা মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ১৩ ই এপ্রিল। এই দফায় আগামী ২৯ শে এপ্রিল ভোটগ্রহণ।

এদিকে, প্রথম দফার নির্বাচনের জন্য মনোনয়ন পত্র জমা দেওয়ার কাজ চলছে। ৬'ই এপ্রিল পর্যন্ত মনোনয়ন জমা দেওয়া যাবে।

----------------

দলীয় প্রচারে অংশ নিতে বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ কলকাতায় আসছেন। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আগামীকাল ভবানীপুর কেন্দ্র থেকে তাঁর মনোনয়ন জমা দেবেন। এই উপলক্ষ্যে হাজরা মোড় থেকে

ভবানীপুরের সার্ভে বিল্ডিং পর্যন্ত এক রোড শো-এ উপস্থিত থাকবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী।

আগামীকাল দুপুরে'ই তাঁর দিল্লি ফিরে যাওয়ার কথা।

---------------

আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে ৯ই এপ্রিল সকাল ৭টা থেকে ২৯ এপ্রিল সন্ধ্যা ৬টা ৩০ মিনিট পর্যন্ত কোনোরকম এক্সিট পোল করা যাবেনা বলে নির্বাচন কমিশন জানিয়েছে। কমিশনের বিজ্ঞপ্তি অনুযায়ী, এই সময়কালে কোনওরকম এক্সিট পোল পরিচালনা, প্রকাশ ও প্রচার সম্পূর্ণভাবে নিষিদ্ধ থাকবে। নির্বাচন কমিশন জানিয়েছে, জন প্রতিনিধিত্ব আইন, ১৯৫১-এর ১২৬এ ধারার অধীনে এই নির্দেশ জারি করা হয়েছে। এই সময়ের মধ্যে কোনও প্রিন্ট বা ইলেকট্রনিক মাধ্যম, কিংবা অন্য কোনও উপায়ে এক্সিট পোল সংক্রান্ত তথ্য প্রকাশ বা প্রচার করা যাবে না। একাধিক রাজ্যে চলতে থাকা নির্বাচন প্রক্রিয়ার নিরপেক্ষতা বজায় রাখতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ভোটগ্রহণ সম্পূর্ণ শেষ না হওয়া পর্যন্ত ভোটারদের উপর কোনও প্রভাব না পড়ে, তা নিশ্চিত করাই এই নিষেধাজ্ঞার মূল উদ্দেশ্য। নির্দেশ অমান্য করলে সংশ্লিষ্ট ব্যক্তি বা সংস্থার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

---------------

ফর্ম ৬-এর মাধ্যমে ভোটার তালিকায় বেআইনীভাবে নাম তোলার চেষ্টার অভিযোগকে কেন্দ্র করে স্ট্র্যান্ড রোডে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের সামনে বিক্ষোভের প্রেক্ষিতে ঐ চত্বরে নিরাপত্তা আরও জোরদার করা হয়েছে। সিইও দফতরের আশপাশে ১৬৩ ধারার পরিধি আরও বাড়ানো হয়েছে। কলকাতা পুলিশ সংশোধিত

নির্দেশিকায় জানিয়েছে, স্ট্র্যান্ড রোডের রাস্তা, দুপাশের ফুটপাত এবং কয়লা ঘাটা মোড় থেকে কিরণ শঙ্কর রায় রোড পর্যন্ত অংশ, ১৬৩ ধারার আওতায় আনা হয়েছে। সিইও দফতরের আশপাশে অশান্তি ও শৃঙ্খলা ভঙ্গের সম্ভাবনার খবরের প্রেক্ষিতেই আগাম সতর্কতা হিসেবেই এই কড়াকড়ি।

উল্লেখ্য, নিয়ম ভেঙে ফর্ম ৬ জমা করার অভিযোগে গতকাল তৃণমূল পন্থী বিএলও-রা সিইও দপ্তরের সামনে বিক্ষোভ দেখান। পরে, বিজেপি কর্মীরা সেখানে উপস্থিত হলে দুপক্ষের বাদানুবাদে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।

এদিকে, বৈধ ভোটারদের তালিকা থেকে বাদ দেওয়ার অভিযোগে আজ সিইও দপ্তরের সামনে বিক্ষোভ দেখান এসইউসিআই কর্মী সমর্থকরা।

---------------

ভোটের দিনক্ষণ এগিয়ে আসার সঙ্গেই জমে উঠেছে প্রচারাভিযান।

তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ বীরভূমের নানুর, মুর্শিদাবাদের বড়ঞাঁ এবং নবগ্রামে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করেন। সভামঞ্চ থেকে আজ ফের ফর্ম সিক্স জমা দেওয়া নিয়ে অনিয়মের অভিযোগ করেন তিনি।

বাইট মমতা

বিজেপি নেতা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ কোচবিহারের দিনহাটায় দলীয় প্রার্থীর সমর্থনে বাড়ি বাড়ি গিয়ে প্রচার সারেন। জন সংযোগ কর্মসূচীর শুরুতে তৃণমূল কংগ্রেস কর্মীরা তাঁকে কালো পতাকা দেখান বলে অভিযোগ। সাংবাদিকদের সুকান্ত বাবু অভিযোগ করেন, পুলিশের সহায়তায় বিভিন্ন সময়ে বিজেপি কমীদের ওপর আক্রমণ চালাচ্ছে শাসক দল।

বাইট সুকান্ত

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ কলকাতার ভবানীপুরে প্রচারে যোগ দেন।

মুর্শিদাবাদে AIMIM প্রধান আসাউদ্দীন ওয়াইসি এবং জোটসঙ্গী আম জনতা উন্নয়ন পার্টির প্রধান হুমায়ুন কবীর নির্বাচনী প্রচারে অংশ নেন।

বালিগঞ্জে কংগ্রেস প্রার্থী রোহন মিত্র প্রচার সারেন।

----------------

প্রার্থী তালিকা নিয়ে অসন্তোষের জেরে কলকাতায় প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধানভবনে দলের কর্মী সমর্থকরা আজ বিক্ষোভ দেখান। কংগ্রেসের দু-দল কর্মী সমর্থকদের মধ্যে হাতাহাতি বাধে। একজন আহত হয়েছেন বলে খবর।

----------------

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুর থানার পুলিশ চম্পাহাটি এলাকা থেকে ১২০ কেজি নিষিদ্ধ শব্দবাজি সহ এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। ধৃত দেবাশীষ মন্ডলের বাড়ি থেকে উদ্ধার হয়েছে নিষিদ্ধ বাজি তৈরির সরঞ্জামও। গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে পুলিশ তার বাড়িতে অভিযান চালায়।

----------------

এদিকে, বিধানসভা নির্বাচন শান্তিপূর্ণ রাখতে রাজ্য জুড়ে চলছে নজরদারি এবং নাকা তল্লাশি। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দেওয়া তথ্য অনুসারে ২৬ ফেব্রুয়ারি থেকে গতকাল পর্যন্ত রাজ্য জুড়ে দুশো ৭৪ কোটি টাকার বেশি সামগ্রী বাজেয়াপ্ত করা

হয়েছে। এর মধ্যে ৬ কোটি ৫৬ লক্ষের বেশি নগদ অর্থ, ৫৮ কোটি ১৩ লক্ষের বেশি মাদক দ্রব্য রয়েছে।

---------------

অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন সুনিশ্চিত করতে উত্তর কলকাতার জেলা নির্বাচনী আধিকারিক স্মিতা পান্ডে আজ কোলকাতার Town Hall-এ সমন্বয় বৈঠক করেন। উপস্থিত ছিলেন, পুলিশের উচ্চ পদস্থ আধিকারিক, সিআরপিএফ-এর নোডাল অফিসার, আয়কর, আবগারি এবং রিজার্ভ ব্যাঙ্কের প্রতিনিধিরা। পরে সাংবাদিকদের স্মিতা পান্ডে বলেন, ভোট অবাধ ও শান্তিপূর্ণ করতে ইতিমধ্যেই ৬০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী কলকাতায় এসেছে। পর্যায়ক্রমে আরো বাহিনী আসবে। অশান্তিপ্রবণ বুথ চিহ্নিতকরণের কাজ চলছে। পুলিশ ও রিটার্নিং অফিসারদের নিয়ে যৌথ মহড়া শীঘ্রই করা হবে বলে তিনি জানান।

---------------

অভিনেতা রাহুল অরুণোদয় ব্যানার্জীর মৃত্যুর তদন্তে পক্ষপাতিত্বের অভিযোগ যাতে না ওঠে, তাই রাজ্যের মহিলা কমিশনের চেয়ারপারসনের পদ থেকে সরে দাঁড়ানোর ইচ্ছা প্রকাশ করেছেন লীনা গঙ্গোপাধ্যায়। যে ধারাবাহিকের শুটিং করতে গিয়ে রাহুলের মৃত্যু হয় বলে অভিযোগ সেই প্রযোজনা সংস্থার পক্ষ থেকে শোক প্রকাশ করে আজ এক বিবৃতিতে জানানো হয়, তারা নিরপেক্ষ তদন্তে সব রকম সাহায্য করতে প্রস্তুত। দুর্ঘটনাস্থলে থাকা সমস্ত কলা কুশলীদের সঙ্গে কথা বলে তথ্য সংগ্রহের কাজ শুরু হয়েছে।

উল্লেখ্য এই ধারাবাহিকের চিত্রনাট্যকার লীনা গঙ্গোপাধ্যায় ২০১০ সাল থেকে সংশ্লিষ্ট প্রযোজনা সংস্থার সঙ্গে ক্রিয়েটিভ হেড হিসেবে যুক্ত বলে ঐ সংস্থা জানিয়েছে।

তারপরই ২০১১ সাল থেকে তিনি মহিলা কমিশনের চেয়ারপারসনের দায়িত্ব পালন করে আসছেন।

---------------

রাজ্যে আগামীকাল থেকে বেশিরভাগ জেলাতেই গরম ও অস্বস্তিকর আবহাওয়া থাকবে। দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েকদিন তাপমাত্রা চার থেকে ছয় ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে। দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান এবং পুরুলিয়া জেলায় আগামীকালের জন্য হলুদ সতর্কতা জারি করা হয়েছে। কলকাতা ও পার্শ্ববর্তী এলাকাতেও আগামী দুদিনে দিনের তাপমাত্রা ৩৭ ডিগ্রির আশেপাশে থাকতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা বিজ্ঞানী ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

বাইট হাবিবুর রহমান

উত্তরবঙ্গেও আগামীকালের পর বাড়বে তাপমাত্রা। কোথাও কোথাও স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘের কারণে হালকা বৃষ্টি হতে পারে।

---------------

বাংলা, খেলো ইন্ডিয়া ট্রাইবাল গেমসের ফুটবলের ফাইনালে উঠেছে ।ছত্তিশগড়ের রায়পুরে কোটা স্বামী বিবেকানন্দ স্টেডিয়ামে আজ সেমিফাইনালে বাংলা ৫-২ গোলে গোয়াকে হারিয়ে দিয়েছে। প্রথমার্ধেই বাংলা ৪-০ গোলে এগিয়ে ছিল। বাংলার হয়ে সৌরভ সব্বার, দিলীপ ওরাও, বিজয় মুর্মু, রাহুল মুর্মু ও চাকু মান্ডি গোল করেছে। আগামী শুক্রবার ফাইনালে বাংলা অন্য সেমিফাইনালে ছত্তিশগড় ও অরুণাচল প্রদেশের মধ্যে বিজয়ী দলের বিরুদ্ধে খেলবে।

----------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় **'অবাধ ভোটের হাতিয়ার-প্রযুক্তি'** রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এবং পর্যবেক্ষক সুব্রত গুপ্তর সঙ্গে কথা বলেছেন অভিরূপ ভট্টাচার্য।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

---------------- ----------------